



তিনি ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা

www.bb.org.bd

জিবিএসআরডি সার্কুলার লেটার নং : ০৩

ডিসেম্বর ২২, ২০১৪
তারিখ : -----
পৌষ ০৮, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, প্রাকৃতিক
দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কিম।

শিরোনামোক্ত বিষয়ে জিবিএসআরডি সার্কুলার নং : ০১ তারিখ মে ১৪, ২০১৪ এবং মে ২৭, ২০১৪ তারিখের পত্রের
প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলার এবং পত্রের সূত্রে ১০ টাকার হিসাবধারী গ্রাহকদের অধিকতর ঋণ সুবিধা প্রদানের লক্ষ্যে সার্কুলারে নিম্নরূপ
সংশোধন ও সংযোজন করা হলোঃ

ক) গ্রাহক পর্যায়ে ঋণের সুদ হার :

১. গ্রাহক পর্যায়ে এ তহবিল হতে ঋণের বিপরীতে ব্যাংকসমূহ বার্ষিক সর্বোচ্চ ৯.৫% হারে [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ৪.৫%] সুদ আদায় করবে।
২. এমএফআই লিংকেজ এর মাধ্যমে ঋণ বিতরণ করার ক্ষেত্রে ব্যাংক এমএফআই থেকে সর্বোচ্চ ৭% [প্রচলিত ব্যাংক রেট (বর্তমানে ৫%) + সর্বোচ্চ ২%] হারে সুদ আদায় করবে।
৩. এমএফআই কর্তৃক প্রদত্ত ঋণের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৯.৫%।

খ) ঋণ বিতরণ :

১. পুনঃঅর্থায়ন তহবিল এর অধিকাংশই সরাসরি ব্যাংকের মাধ্যমে গ্রাহক পর্যায়ে বিতরণযোগ্য হবে।
২. যে সব অঞ্চলে ব্যাংকের শাখা/আউটলেট নেই সে সব অঞ্চলে ব্যাংক-এমএফআই লিংকেজ এর মাধ্যমে ঋণ বিতরণ করা যাবে।

উপরোক্ত সার্কুলারে ইতোপূর্বে বর্ণিত অপরাপর শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস,

(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

E-mail: manoj.biswas@bb.org.bd

gm.gbcsrd@bb.org.bd